

- ২। জীব তমঃ অন্ধকারে ঘেরা, চিনতে গিয়ে পায় না ধরা ।
মায়া ধাঁ ধাঁ চোখে লেগে দিনে দিনে দিন ফুরাল ॥
- ৩। যার তরে এই ধরায় এল, জীবে কই তা' বুঝিল ।
এবার চিনতে গিয়ে তারে ভুলে, ভুল করে সব সরে গেল ॥
- ৪। মন প্রাণ সব সমর্পিল, পূর্ণচন্দ্র তায় ধরিল ।
মনের সঙ্কে অন্ধ হয়ে, কুমুদ দেখে না যে শ্রীগোপাল ॥

---কুমুদরঞ্জন



২২ নং

তাল--একতাল

রাগিনী--ঝিকিট

- হরি নাম যে মহামন্ত্র, হরি নাম মহা ঔষধি ।
ও নাম নিলে যায় শমন শঙ্কা পার হওয়া যায় ভবনদী ॥
- ১। যেখানে নাম লেখার হরি, বলরে মন হরি হরি ।
নাম রূপে রয় সেই শ্রীহরি, ব্রহ্মা, বিষ্ণু, শিবের আদি ॥
- ২। দেহের রোগ ঔষধে সারে, ভব-ব্যাধি সারুতে নারে ।
হরি নাম সর্বব্যাধি হরে, গুণেতে তাব নাই অবধি ॥
- ৩। নামেতে গুণ আছে নিশ্চয়, ঠিকমত নাম নিলে ঠিক হয় ।
নিলে অসৎসঙ্গে কু-ভাবনায়, ফল থাক্ দূরে,
নাম হয় বাদী ॥
- ৪। গোপালচাঁদ কয় ফেলে সন্দ, একবার বল হরিবল মহানন্দ,
হরি নামে দিবে প্রেমানন্দে, দূর হবে তোর ভব-ব্যাধি ॥
- মহানন্দ হালদার